দৈনিক ইত্তেফাক

# লাগাতার অবস্থান কর্মসূচিতে নন এমপিও নিম্ন মাধ্যমিক শিক্ষক-কর্মচারীরা

## বেতন-ভাতা দাবি

■ ইত্তেফাক রিপোর্ট

বেতন-ভাতার দাবিতে লাগাতার অবস্থান কর্মসূচি শুরু করেছেন নন-এমপিও নিম্ন-মাধ্যমিক শিক্ষক কর্মচারী ফোরাম। গতকাল রবিবার জাতীয় প্রেসক্লাবের সামনে এ কর্মসূচি পালন করেন শিক্ষকরা। এসময় তারা বলেন, সারাদেশের প্রায় ১ হাজার ৩৩৩টি নিম্ন-মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকরা দেড় বছর ধরে কোনো প্রকার বেতন-ভাতা পাচ্ছেন না। এ বিষয়ে শিক্ষা মন্ত্রণালয় এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ে যোগাযোগ করেও কোনো নির্দেশনা পাওয়া যাচ্ছে না। শিক্ষকদের অভিযোগ, শিক্ষা মন্ত্রণালয় এ প্রতিষ্ঠানগুলোকে এমপিওভুক্ত না করেই প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ে হস্তান্তর করে। আবার গণশিক্ষা মন্ত্রণালয় বেতন প্রদানের ব্যবস্থা গ্রহণ না করেই প্রায় দেড় হাজার সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ষষ্ঠ থেকে ৮ম শ্রেণি পর্যন্ত শিক্ষা কার্যক্রম চালু করে। এখন বেশি বেশি ক্লাস নিলেও শিক্ষকরা বেতন পাচ্ছেন না।

সংগঠনের সভাপতি আনোয়ার হোসেনের সভাপতিত্বে কর্মসূচিতে সংগঠনের সাধারণ সম্পাদক মোঃ মোকারম হোসেন, শিক্ষক নেতা আব্দুর রশিদ, মোঃ বখতিয়ার উদ্দিন, খায়রুল আকতার ফারুক প্রমুখ বক্তৃতা করেন। সংগঠনের সভাপতি বলেন, দাবি আদায় না হওয়া পর্যন্ত অবস্থান কর্মসূচি অব্যাহত থাকবে। আজ সোমবার অবস্থান কর্মসূচির পাশাপাশি প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় অভিমুখে পদযাত্রা এবং মন্ত্রী ও সচিবকে স্মারকলিপি প্রদান করা হবে বলে তিনি জানান।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.................................
তারিখ.......................................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর